



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১২-১০-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষে শ্রদ্ধা প্রদর্শন পূর্বক 'Mujib Borsho FIFA International Football Series 2020: Bangladesh Vs Nepal' এর ২ (দুই)টি খেলা বাংলাদেশ জাতীয় ফুটবল দল বনাম নেপাল জাতীয় ফুটবল দলের মধ্যে আগামী ১৩-১১-২০২০ এবং ১৭-১১-২০২০ তারিখ বিকাল ৫.০০ ঘটিকায় ঢাকাস্থ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

উক্ত ম্যাচ উপলক্ষে বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রধান প্রশিক্ষক Mr. Jamie Day ও অধিনায়ক জামাল ভূঁইয়া এবং নেপাল জাতীয় ফুটবল দলের প্রধান প্রশিক্ষক মিঃ বাল গোপাল মহারজন, অধিনায়ক মিঃ কিরণ চেমজং এবং টিম ম্যানেজার মিঃ মধুসূদন এর উপস্থিতিতে অদ্য ১২ নভেম্বর ২০২০ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের ৩য় তলার কনফারেন্স রুমে প্রি ম্যাচ প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রধান প্রশিক্ষক Mr. Jamie Day বলেন দীর্ঘদিন পরে মাঠে নামার কারণে দলের পারফরমেন্স ও মান বুঝা যাবে। অধিনায়ক জামাল ভূঁইয়া বলেন আমরা জয়ের জন্য মাঠে নামবো ও দেশ ভাল কিছু উপহার দিবো।

নেপাল জাতীয় প্রধান প্রশিক্ষক মিঃ বাল গোপাল মহারজন বলেন এই কোভিড-১৯ কালীন সময়েও আমরা দুটি ফ্রেন্ডলী ম্যাচে অংশগ্রহণে আনন্দিত। ম্যাচে জয় পাওয়ার চেয়ে আমাদের দলের পারফরমেন্স পরীক্ষা করাটাই জরুরী। দলের অধিনায়ক বলেন ম্যাচটি খুব উপভোগ্য হবে, কারণ উভয় দলই জেতার জন্য মাঠে নামবে।

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের টিম ম্যানেজার হিসেবে বাফুফে নির্বাহী কমিটি সদস্য জনাব মোঃ আমের খান এবং টিম অবজারভার হিসেবে বাফুফে নির্বাহী কমিটি সদস্য জনাব ইমতিয়াজ হামিদ সবুজকে মনোনীত করা হয়েছে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।